Ei Samay

Emami Chisel Art

Date: 28/12/2013 | Edition: Kolkata | Page: 8 | Source: Bureau | Clip size (cm): W: 8 H: 14

India Media Monitor

রঙিন ক্যানভাসগুলো থেকে উঁকি দিচ্ছিল বে-রঙিন হাহাকার।



যেগুলো অব্যক্ত বলে তার ভাষাটাও ছিল নেহাতই একটা প্রতীকী। তাই কোথাও চলতি সময়ে দূষণের বাড়বাড়ন্তে ভালোবাসার চূড়ান্ত মুহূর্তগুলো হয়েছে ক্রমেই ডিসপসেবল মাস্কবন্দি। অন্য দিকে ইট-কাঠ পাথরের দমবন্ধ শহর থেকে একটু ছুটকারা নিয়ে মাটিরটানে টুকরো মূল্যবোধের কাছে ফিরে আসার একটা নিঃশব্দ আকুতি। একটা মাত্র গাছে তিনশো ছাপ্পান্নখানা আমচাষ করে সাড়া ফেলে দেওয়া লখনউ মালিয়াবাদের বিখ্যাত হয়ে ওঠা কৃষক হাজি কলিমুল্লা খান চিত্রকল্পে স্বয়ং হাজির ছিলেন রাষ্ট্রপতির মোঘল গার্ডেন-এ। যদিও গাঁটছড়া বেঁধে সেখানেও হাজির বহুজাতিক সংস্থার কর্পোরেট পানীয়রা। তরুণ প্রজন্মের শিল্পী স্নেহাশিস, জ্যোতির্ময়, মিঠুন-দের মতন এ ভাবেই যেন ক্যানভাসে সময়ের মোকাবিলা করলেন অনেকে। নিজেদের চিত্রকলায় তখন উপরের সারিতে নন্দলাল বসু, যামিনী রায়, মকবুল ফিদা হুসেন, গণেশ পাইনের মতন কিংবদন্তিরা। গোটা দেশের মোট বাষট্টিজন শিল্পীর শিল্পকর্ম নিয়ে সম্প্রতি ইমামি চিজল আর্টে শুরু হল প্রদর্শনী 'সিমলেস এনকাউনটার'। আনুষ্ঠানিক সূচনা করলেন শিল্পী শুভাপ্রসন্ন। প্রদর্শনীটি চলবে নতুন বছরের জানুয়ারির ১৩ তারিখ পর্যন্ত।